



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd



স্মারক নং: ৩৭.০৬.০০০০.৩০৩.৩১.২৩৫.২০-১৬৭


তারিখ: ১০/০৯/২০২০

গণবিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণীত ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ-দ্বাদশ শ্রেণির সাহিত্য পাঠ (গদ্য ও কবিতা), বাংলা সহপাঠ (উপন্যাস ও নাটক), English For Today তিনটি পাঠ্যপুস্তক পরিমার্জন করে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) পাঠ্যপুস্তকটি নতুন সংস্করণকৃত ও চারটি পাঠ্যপুস্তক মুজিব শতবর্ষের লোগো সম্বলিত কভারে নতুন কলেবরে মুদ্রণ ও বাজারজাত করা হচ্ছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর সাথে চুক্তিবদ্ধ বাজারজাতকারী ছয়টি প্রতিষ্ঠান (লট অনুযায়ী):

লট নং	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠানের ঠিকানা
১	ফাহিম প্রিন্টিং এন্ড পাবলিকেশন্স	৩৮/৩, কম্পিউটার মার্কেট, বাংলাবাজার, ঢাকা
৩	প্রেস লাইন লি:	গ্রেটওয়াল শপিং সেন্টার (১৪ তলা), ২/১ চিত্তরঞ্জন এভিনিউ, ঢাকা
৪	বর্ণশোভা মুদ্রায়ন	৩৭/১ সি.পি কে রায় রোড, বাংলাবাজার, সূত্রাপুর, ঢাকা
৫	অগ্রণী প্রিন্টিং প্রেস	স্টেশন রোড, চৌমহনী, নোয়াখালী
৭	ব্রাইট প্রিন্টিং প্রেস লি:	৩৭/২, পুরানা পল্টন, জামান টাওয়ার, সুইট-৮০১, লেভেল-০৮, ঢাকা
৯	অগ্রণী প্রিন্টিং প্রেস	স্টেশন রোড, চৌমহনী, নোয়াখালী
১০	আনন্দ প্রিন্টার্স লি:	২৯১, ফকিরাপুল জমিদার বাড়ি, ৫ম তলা, ঢাকা

উপরে বর্ণিত ছয়টি প্রতিষ্ঠানকে নির্ধারিত রয়্যালিটির বিনিময়ে ৩০ জুন, ২০২১ সাল পর্যন্ত মেয়াদে একাদশ-দ্বাদশ শ্রেণির চারটি পাঠ্যপুস্তক মুদ্রণ ও বাজারজাতকরণ কার্যক্রমের জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে। পাঠ্যপুস্তক চারটি পরিমার্জিত সংস্করণ হওয়ায় বর্ণিত ছয়টি মুদ্রণ প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠানের পাঠ্যপুস্তক ক্রয় করে প্রতারণিত হবেন না। দেশের পাঠ্যপুস্তক ব্যবসায়ী, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণ এনসিটিবি কর্তৃক প্রণীত ও উপর্যুক্ত ছয়টি প্রতিষ্ঠান কর্তৃক মুদ্রিত ও বাজারজাতকৃত চারটি পাঠ্যপুস্তক ক্রয়, বিক্রয়, সংগ্রহ ও পাঠদান কার্যক্রমে ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। শিক্ষার্থীর হাতে যথাসময়ে পাঠ্যপুস্তক পৌঁছানোর কাজে কোনো প্রকার বাধা, ভয়ভীতি প্রদর্শন বা অসুদপায় অবলম্বন ও পাঠ্যপুস্তকের তথ্য বিকৃতিসহ নকল পাঠ্যপুস্তক মুদ্রণ, পরিবহণ, ক্রয়-বিক্রয়, সংরক্ষণ করলে তা দণ্ডনীয় অপরাধ ও সরকারি কাজে বাধা হিসেবে গণ্য হবে এবং দায়ী ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। শিক্ষার্থীদের হাতে নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক সরবরাহের সরকারি উদ্যোগকে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।


(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)

সচিব

ফোন : ৯৫৬৫৬৪৪